



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২৭২২০

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৭৪ ২৬০৪

তারিখঃ ১৫/০১/২০১৭খ্রিঃ

বিষয় : সভাপতি পদ বাতিলসহ অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্র : নং-বামাশিবো/রিক/বাউফল-পটুয়াখালী-৫৯/১১৪/২; তারিখঃ ৩০/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বাশারাবাদ ডাকঘরের অন্তর্গত বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত ৯ম শ্রেণিতে কম্পিউটার বিষয়ে খোলার অনুমতি সংক্রান্ত (নং-রিক/১৯৯৪/৯; তারিখঃ ২২/০৯/২০০৪) পরিপত্র যাচাইঅন্তে জাল ও ভূয়া মর্মে প্রতীয়মান হয়। অধ্যক্ষ কর্তৃক প্রতারণা ও জাল জালিয়াতির মাধ্যমে সরকারি দপ্তরের পরিপত্র সৃজন করায় তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য মাদরাসার গভার্ণিং বডির সভাপতিকে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়।

নথি দৃষ্টে দেখা যায়, গভার্ণিং বডির সভাপতি কর্তৃক কম্পিউটার শিক্ষক এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং অধ্যক্ষকে উক্ত অভিযোগ থেকে অব্যহতি প্রদান করা হয়েছে মর্মে বোর্ডকে অবহিত করা হয়েছে; যা বোর্ড তথা সরকার কর্তৃক জারিকৃত আদেশ অমান্য করার সামিল এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৬ ও ৪১ (চ) এর পরিপন্থি।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৯৯৭/নথি নং- পটুয়াখালী-১৭৪; তারিখঃ ২১/০৯/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্ণাঙ্গ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/ সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসা, বাউফল, পটুয়াখালী।

২) অধ্যক্ষ, বাশারাবাদ চাবুয়া ছালেহিয়া আলিম মাদরাসা, বাউফল, পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৭৪/

তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪